R. N. No. 2532/57

Phone No. RGG.112

Regd No.—WB/MSD—4

সঞ্চয় জগতে এক অবিস্মরণীয় নাম :

অরুণোদয় সেভিংস এণ্ড ইনভেষ্টমেণ্ট (ই) লিমিটেড

গভঃ রেজিঃ নং ৩৯০০৫

হেড ও রেজিঃ অফিস :

বারুইপাড়া, কালনা ( বর্দ্ধমান )

শাখা অফিস :

ফুলতলা রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )

এই প্রতিষ্ঠানের মাধ্যমে সাধারণ ও দুর্ঘটনাজনিত মৃত্যুবীমার সুযোগ নিন।

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

ভি ডি ও ক্যাসেট স্যুটিং

এর জন্য যোগাযোগ করুন—

ষ্টুডিও চিত্রশ্রী

রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

ব্রাঞ্চ : ষ্টুডিও চিত্রশ্রী-২

রঘুনাথগঞ্জ ॥ ফুলতলা

এজেণ্ট : স্ন্যাপ কালার ল্যাবঃ

৭৭শ বর্ষ
৩৩শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১৭ই পৌষ বুধবার, ১৩৯৭ সাল
২রা জানুয়ারী, ১৯৯১ সাল।

নগদ মূল্য : ৫০ পয়সা
বার্ষিক ২৫৲

## পুরসভা নগর উন্নয়নে জহর যোজনার ১ কোটি ২০ লক্ষ টাকা পাচ্ছে

নিজস্ব প্রতিনিধি : জঙ্গিপুর পৌরসভাকে জহর যোজনা খাত থেকে ১ কোটি ২০ লক্ষ টাকা দেবার পরিকল্পনা নিয়েছেন কেন্দ্রীয় সরকার বলে খবর। এ ব্যাপারে শহরের উন্নয়ন পরিকল্পনা সম্বন্ধে প্রাথমিক রিপোর্ট তৈরী করতে এক্সকিউটিভ ইঞ্জিনীয়ার মিউনিসিপ্যাল ইঃ ডাইরেক্টর এবং একজন সাব এ্যাঃ ইঞ্জিনীয়ার এখানে আসেন। তাঁরা শহরের সর্বত্র ঘুরে সরজমিন তদন্তের জন্য তিনদিন এখানে থাকেন বলে জানা যায়। প্রতিনিধি দলের সঙ্গে আমাদের নিজস্ব প্রতিনিধি এক সাক্ষাৎকারে জানতে পারেন পঃ বঙ্গের পুরসভাগুলির মধ্যে জঙ্গিপুর পুরসভার নাম সাহায্য তালিকার দ্বিতীয় স্থানে আছে। প্রতিনিধি দলের প্রধান বলেন, তাঁরা এই শহরের প্রাচীনত্ব, ঐতিহাসিক, পুরাতাত্ত্বিক গুরুত্ব এবং অন্যান্য নানা প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে কেন্দ্রে রিপোর্ট পাঠাবেন। সেই অনুযায়ী উন্নয়ন পরিকল্পনা রচিত হবে ও ১ কোটি ২০ লক্ষ টাকা অনুদান মঞ্জুর হবে। এই অর্থের মধ্যে ২৮ লক্ষ টাকা খরচ করতে হবে স্যানিটেশনের প্রয়োজনে। বিশেষ করে শহরের সমস্ত ( শেষ পৃষ্ঠায় )

## আদিবাসীদের উপর পুলিশ ও সিপিএমের যৌথ অত্যাচার

সাগরদীঘি : স্থানীয় থানার বেলসাণ্ডা গ্রামে ২১ বিঘা খাস জমি বহুদিন ধরে ঐ গ্রামের আদিবাসীরা ভোগ দখল করে আসছিলেন। এ বছর হঠাৎ সি পি এম সমর্থক এক অবস্থাপন্ন পরিবারকে প্রায় সব জমিটাই বন্দোবস্ত দিলে বি জে পির নেতৃত্বে তার প্রতিবাদ জানানো হয়। ধান কাটার সময়ে দেখা যায় স্থানীয় থানার মেজবাবু পুলিশ বাহিনী নিয়ে আদিবাসীদের কাটা ধান নিয়ে যাবার সময় বাধা দিয়ে গ্রেপ্তারের ভয় দেখান। প্রায় ২-৩ শত আদিবাসী পরিবার পুলিশের বিরুদ্ধে রুখে দাঁড়ালে পুলিশ পালিয়ে আসতে বাধ্য হয়। পরে থানার ওসি ঘটনাস্থলে গিয়ে নিরপরাধ বেশ কয়েকজন আদিবাসিকে গ্রেপ্তার করে মিথ্যা মামলায় জড়িয়ে দেন বলে খবর পাওয়া যায়। মোরগ্রামেও সিপি এমের কিছু সমর্থক বহিরাগত শ্রমিক দিয়ে কাজ করানো চলবে না এই হুমকী দিয়ে মাঠে কর্মরত মজুরদের ভাগিয়ে দেয়। ফলে সেখানে মারপিট হয় ও পঞ্চায়েতের এক সদস্য প্রহৃত হন বলে জানা যায়। সমসাবাদেও সিপিএম জোর করে ধান কাটছে ও জঙ্গুলে আইন প্রয়োগ করছে বলে স্থানীয় আদিবাসীরা অভিযোগ জানান।

## ডাক্তারের অবহেলার অভিযোগের তদন্ত হলো

রঘুনাথগঞ্জ : গত ১ অক্টোবর জঙ্গিপুর হাসপাতালের ডাক্তার যজ্ঞেশ্বর মুখার্জীর অবহেলায় গুজিরপুরের অমৃত হালদার (১৫) মারা যায়। সংবাদ স্থানীয় পত্রিকায় প্রকাশ হলে তার তদন্তে গত ২৮ ডিসেম্বর বহরমপুর থেকে দু'জন এ সি এম ও এইচ এখানে আসেন। তদন্তের সময় মৃতের পরিবারের লোকজনদের এবং ডাঃ যজ্ঞেশ্বর মুখার্জীকে জিজ্ঞাসাবাদ করা হয় বলে জানা যায়। তদন্তকারী অফিসারদ্বয় উক্ত ঘটনা ছাড়াও হাসপাতাল সম্বন্ধে দীর্ঘ দিন ধরে যেসব দুর্নীতির অভিযোগ পত্রিকায় প্রকাশিত হয়েছে সেগুলিরও তদন্ত করেন। জানা যায় তদন্ত এখনও শেষ হয়নি। সাতদিন পরে আবার তাঁরা এখানে তদন্তের জন্যই আসবেন।

## ইণ্ডিয়ান মুসলীম লীগ লতিফ গোষ্ঠীর সমাবেশ

ধুলিয়ান : ডিসেম্বরের দ্বিতীয় সপ্তাহে ইণ্ডিয়ান মুসলীম লীগের লতিফ গোষ্ঠী ধুলিয়ান ও আশপাশে কয়েকটি গ্রামে জন সমাবেশে প্ররোচনামূলক ভাষণ দেন বলে খবর। তাঁরা স্থানীয় বি ডি ওর হাতে অবিলম্বে বাবরী মসজিদ থেকে রাম সীতার মূর্ত্তি সরিয়ে নেবার দাবী জানিয়ে এক দাবী পত্র পেশ করেন বলে জানা যায়। তাঁরা কাঁকুড়িয়া মোড়ে এক পথসভায় উত্তেজনাপূর্ণ ভাষণে প্রয়োজনে মুসলমানদের হাতে অস্ত্র তুলে দেবার আহ্বান জানান। এইসব ঘটনায় স্থানীয় হিন্দুদের মধ্যে উত্তেজনা ও আশঙ্কা বৃদ্ধি পাচ্ছে। হিন্দুদের দাবী এইসব সভা সমিতির দিকে প্রশাসনের দৃষ্টি দেওয়া একান্ত প্রয়োজন।

## চোরাঘাটে পাচার বন্ধ ২২টি বলদ আটক

জঙ্গিপুর : গত ২৭ ডিসেম্বর ভোরে রঘুনাথগঞ্জ ২নং ব্লকের খেজুরতলা ঘাট দিয়ে বাংলাদেশে পাচার করার সময় নুরপুর বি এস এফের জোয়ানরা ২২টি বলদ আটক করে। বলদগুলি ধরা পড়লেও পাচারকারীরা (শেষ পৃষ্ঠায়)

## ওসিকে থানার দায়িত্ব থেকে সরানো হচ্ছে

সাগরদীঘি : এই থানার ওসি সুশান্ত সরকারের বিরুদ্ধে আটক বিদেশী কাপড় কাষ্টমসকে জমা না দিয়ে কৌশলে মালিকের হাতে তুলে দেবার ব্যাপারে যে খবর জঙ্গিপুর সংবাদে বের হয়, তার তদন্ত হচ্ছিল এস পির নির্দেশে। সেই পরিপ্রেক্ষিতে সুশান্তবাবুকে থানার দায়িত্ব থেকে সরিয়ে ডি আই বি বা পুলিশ লাইনে রিজার্ভ রাখার ব্যবস্থা হচ্ছে বলে জানা যায়।

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৭ই পৌষ বুধবার ১৩৯৭ সাল

## আয়া রাম

আমাদের পত্রিকার গত সংখ্যায় একটি খবরে জানা গেল যে, মুর্শিদাবাদের জেলা শাসক গত ৯ই নভেম্বর তাঁহার এক আদেশ বলে সেখালীপুরের প্রাক্তন প্রধান এবং বর্তমানে কংগ্রেসের পঞ্চায়েত সদস্য নজরুল ইসলামকে এই রাজ্যে অনুপ্রবেশকারী হিসাবে ঘোষণা করিয়া তাঁহার পঞ্চায়েত সদস্যপদ বাতিল করিবার জন্য সংশ্লিষ্ট বিডিওকে বলিয়াছেন। এই প্রসঙ্গে জানা গিয়াছে যে, প্রায় এক বৎসর পূর্বে সীমান্ত শান্তি ও সুরক্ষা সমিতি স্থানীয় শাখা নজরুল ইসলামের পাশ-পোর্ট নম্বর উল্লেখ করিয়া জেলা শাসক এবং মহকুমা শাসকের নিকট জানান যে, নজরুল ইসলামকে যেন অনুপ্রবেশকারী বলিয়া ঘোষণা করা হয়। উক্ত সুরক্ষা সমিতি প্রশাসনের নিকট আরও বেশ কিছু সংখ্যক অনুপ্রবেশকারীর নাম, বাংলাদেশে তাঁহাদের ঠিকানা এবং তাঁহারা এই রাজ্যে কোথায় আত্ম-গোপন করিয়া রহিয়াছেন তাহা জানাইয়া তথ্যাদি পেশ করেন। কিন্তু প্রশাসনের পক্ষ হইতে সে সম্পর্কে কোন ব্যবস্থা লওয়া হয় নাই বলিয়া প্রকাশ। কেবলমাত্র নজরুল ইসলামের এই দেশের নাগরিকত্ব বাতিল করিয়া তাঁহাকে আটক করিবার জন্য জেলা শাসকের নির্দেশে মহকুমা শাসক নাকি হুকুম দেন। খবরে প্রকাশ, শিকার নাকি হাত-ছাড়া হইয়াছে অর্থাৎ নজরুল ইসলাম কোথাও আত্মগোপন করিয়া আছেন। প্রয়োজনে তিনি আত্মপ্রকাশ করিবেন অথবা অবস্থা প্রতিকূল হইলে স্বস্থানে প্রস্থান করিবেন। অবশ্য এক নজরুলকে লইয়া সংবাদে মাতামাতি হইলেও শত শত নজরুল 'আয়া রাম গয়া রাম'—এর ভূমিকা পালন করিতেছে।

এমনই হইয়াছে, হইতেছে এবং হইবেও যতদিন না প্রশাসন দৃঢ় হয়। কোন শাসকদলের মুখ চাহিয়া প্রশাসন কাজ করিলে এই রাজ্যে আসিয়া এক বা একাধিক সংসার পাতিয়া ভোটার সংখ্যা বাড়াইয়া অদূর ভবিষ্যতে একটি বৃহত্তর মহৎ(?) উদ্দেশ্য পূরণের লক্ষ্যে বহু নজরুলই ক্রিয়াশীল হইতে পারে। আপাতমধুর ভোট প্রাপ্তির প্রতিশ্রুতিতে এখানকার রাজনৈতিক দল জাগিয়া ঘুমাইলে এইরূপই ঘটিবার সম্ভাবনা। অনুপ্রবেশ কাশ্মীর ও পঞ্জাবে ঘটিয়াছে অনেকদিনই। তাহার ফল নানাভাবে ফলিতেছে। এই রাজ্যের অনুপ্রবেশ আপাতত বিচ্ছিন্নতাবাদ এর জিগির তুলিবার জন্য নহে। ইহার মধ্যে সুদূরপ্রসারী পরিকল্পনা রহিয়াছে।

এবংবিধ অনুপ্রবেশ ও এই রাষ্ট্রের নাগরিকত্ব লাভ হজম করিতেছেন বিভিন্ন রাজনৈতিক দল। যেহেতু ভোটের বাক্স পূরণ কে, কিভাবে করিবে তাহাতেই তাঁহারা সচেষ্ট থাকেন, তাই কোন দলই 'আয়া রাম'-দের স্বাগত জানাইতে দ্বিধা করেন না। 'আয়া রাম'-এরাও নানা সুবিধা-সুযোগ লাভের স্বার্থে মদত যোগাইয়া চলিতেছে। সীমান্ত রক্ষী কর্মরত থাকা সত্ত্বেও দুই রাষ্ট্রের মধ্যে বেআইনীভাবে মানুষ ও নানা জিনিসের চলাচল হয় কি প্রকারে তাহা বুঝিতে পারা যায় না।

## চিঠি-পত্র

( মতামত পত্র লেখকের নিজস্ব )

### মহকুমা খাদ্য নিয়ামকের অনৈতিক আচরণ প্রসঙ্গে

আমি শ্রীঅহীন্দ্রনাথ চৌধুরী সাগরদীঘি থানার সরকার অনুমোদিত একজন ক্ষুদ্র আংশিক ডিলার। গত সপ্তাহে জঙ্গিপুর সংবাদপত্রে জানিতে পারিলাম আমি জঙ্গিপুর মহকুমার খাদ্য সরবরাহ বিভাগ হইতে যাবতীয় সুযোগ গ্রহণ করিয়াছি। আমার বক্তব্য যে আমি এই সংস্থার সহিত জড়িত হওয়ার পর থেকে অদ্যাবধি কোনও সুযোগ গ্রহণ করি নাই। বর্তমানে আমার সরকার অনুমোদিত দোকানে ২৪৪৩ লোকের কার্ড আছে। যদি কোন সুযোগ গ্রহণের লিপ্সা থাকিত তবে নিশ্চয়ই আমি লোক বাড়ানোর জন্য নিয়ামক মহাশয়ের কাছে আবেদন করিতাম। আমি আজ পর্যন্ত কোন আবেদন নিজের জন্য করি নাই। জেলা সভাপতি হিসাবে সংবাদ পত্রের খবরটি আমার কাছে মর্মান্তিক তাই প্রতিবাদ হিসাবে আমার বক্তব্যটি প্রচারের জন্য জানাচ্ছি।

শ্রীঅহীন্দ্রনাথ চৌধুরী
জেলা সভাপতি
এম আর ডিলার এ্যাসোসিয়েশন

### ডায়রিয়া মহামারীতে ৩ জনের মৃত্যু

সাগরদীঘি : এই থানার মনিগ্রামে আবার ডায়রিয়া মহামারীরূপে দেখা দিয়েছে। গত ২২ ডিসেম্বর পর্যন্ত বৈষ্ণবডাঙ্গা আদিবাসী পল্লীর তিনজন সাগরদীঘি হাসপাতালে মারা যান বলে খবর। মনিগ্রাম স্বাস্থ্যকেন্দ্রে কোন ডাক্তার বা ওষুধপত্র কিছুই নেই। স্বাস্থ্যদপ্তর রোগ প্রতিরোধের কোন ব্যবস্থা নিচ্ছেন না বলে গ্রামবাসীরা অভিযোগ করেন।

## বিশ শতকের বিশ কথা

[একুশ শতক আগত প্রায়। কিন্তু চলমান বিশ শতকটিও কম ঘটনাবহুল নয়। এই মুহূর্তে পেছন ফিরে তার নানা ঐতিহাসিক কর্মকাণ্ডকে ধারাক্রমিকভাবে উপস্থাপিত করেছেন কথাসাহিত্যিক আবদুর রাকিব। —সম্পাদক, জঙ্গিপুর সংবাদ। ]

সন তারিখের হিসেবে বিশ শতকের শুরু ১ জানুয়ারী ১৯০০। কিন্তু মহাকালের হিসেব অমন সরলরৈখিক নয়। তার অনন্ত প্রবাহে অতীত বর্তমান ভবিষ্যৎ সব একাকার। ভারতীয় উপমহাদেশে ১৯০০ পূর্বঙ্ক দেড়শো বছরের গড়িয়ে আসা তরঙ্গের একটি উৎক্ষিপ্ত উচ্ছ্বাসমাত্র। ওপ্রান্তের সীমারেখাটি ধরা থাক ১৭৫৭। পলাশীর যুদ্ধে নবাবশাহীর পতন এবং কোম্পানী শাসনের পত্তন। কিন্তু পরাজিত হলেও ব্রিটিশ বিরোধীতার বীজ পুঁতে দিয়েছিলেন নবাব সিরাজউদ্দৌলা স্বয়ং। তাতে নতুন মাত্রা যুক্ত করেছেন নবাব মীরকাশিম। কোম্পানী কর্মচারীদের অবাধ শোষণ বন্ধ করতে গিয়ে গদি হারিয়েছেন তিনি। কিন্তু বিরোধিতার ধারা বন্ধ হয়নি। ১৭৬৫ তে বেঙ্গল আর্মির সৈন্যরা প্রথম বিদ্রোহ ঘোষণা করে কিছু অভিযোগের প্রতিকার কল্পে। হয়েছে সন্ন্যাসী ও ফকির বিদ্রোহ (১৭৬০—১৭৯৭)। নেতৃত্বে ছিলেন মাদারীয়া পন্থী ফকির মজনু শাহ (যাঁর সঙ্গে বঙ্কিমচন্দ্রের ভবানী পাঠক ও দেবী চৌধুরাণীর যোগাযোগ ছিল বলে মনে করা হয়।) সমসাময়িককালে সংঘটিত হয়েছে চুয়াড় বিদ্রোহ। এই বিদ্রোহের নেতা ছিলেন জঙ্গল মহলের সামন্ত ও রাজারা। তবে অংশ নিয়েছিলেন ঐ অঞ্চলের পশ্চিমবঙ্গের পশ্চিম সীমান্তের আপামর জনগণ।

নীলকরদের বিরুদ্ধে লড়েছেন হিন্দু মুসলিম চাষী—বিষ্ণুচরণ বিশ্বাস আর পানজু মোল্লারা। বাঁশের কেল্লা বানিয়ে আলেক-জাণ্ডার ও স্কটের মিলিত বাহিনীর বিরুদ্ধে লড়াই করে শহীদ হয়েছেন মৌলভী নিসার আলি ওরফে তিতুমীর (১৮৩১)। ১৮২৮ থেকে ১৮৫৭ পর্যন্ত নানা কৃষক আন্দোলন পরিচালিত হয়েছে শরীয়তউল্লাহ ও তাঁর পুত্র দুদুমিয়ার নেতৃত্বে। শরীয়তউল্লাহ ইংরেজ শাসিত ভারত-বর্ষকে 'দার-উল-হরব' (বিধর্মী শাসিত বলে ঘোষণা করেছিলেন।

১৮৫৫ তে সাঁওতাল বিদ্রোহ। এর যুগ্ম নায়ক সিধু-কানু আমাদের স্মৃতিতে সমুজ্জল। এ বিদ্রোহের মূল প্রেরণা ও সংগঠনের প্রাণ-শক্তি 'হুল' নামক একটি দেবতা। হুল দিব্যশক্তি নির্দেশিত। অতএব সাঁওতালদের জয় অনিবার্য—এ বিশ্বাস দ্রুত ছড়িয়ে পড়ে। 'হুল' থেকে 'হুলিয়া' শব্দটি আজও সুপরিচিত। (৩য় পৃষ্ঠায়)

## কৃষি ডিজেলের পারমিট নিয়ে দুর্নীতি

সাগরদীঘি : সম্প্রতি এই থানার বাহালনগর পেট্রোল পাম্প থেকে কৃষির কাজে যে ডিজেল দেওয়া হচ্ছে, তার পারমিট নিয়ে বিভিন্ন দুর্নীতির অভিযোগ উঠেছে। তদন্তে অভিযোগ উঠে প্রকৃত চাষীদের যে পারমিট দেওয়া হয় সেগুলি ঠিকমত ব্যবহৃত হচ্ছে না। সমাজ-বিরোধীরা চোরাকারবারে মেতেছে। অনেক-ক্ষেত্রে একই নম্বরের পাম্প মেশিনে একাধিক পারমিট দেওয়া হচ্ছে বলে অভিযোগ। এই অব্যবস্থার কথা জানতে পেরে গত ২৬ ডিসেম্বর স্থানীয় কৃষি অফিস এবং ব্লক থেকে চাষীদের ডিজেল পারমিট ইস্যু বন্ধ করে দেওয়া হয়েছে বলে খবর।

## জনসাধারণের টাকা নিয়ে বোমাবাজি

জঙ্গিপুর : জালিবাগানের একটি মসজিদে জনসাধারণের গচ্ছিত টাকাকে কেন্দ্র করে দু'পক্ষের মধ্যে বোমাবাজি হয়। খবর, জালি-বাগান ও জুদরাপুরের পুরোনো দলাদলির জের এই সংঘর্ষ। এ ব্যাপারে এখন পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়নি।

## বিশ শতকের বিশ কথা

(১ম পাতার পর)

অতঃপর ১৮৫৭ তে হিন্দু-মুসলমানদের মিলিত সংগ্রাম সিপাহী বিদ্রোহ। বাংলার শিক্ষিত বুদ্ধিজীবী সমাজ এর প্রতি বিমুখ ছিলেন। কিন্তু ঘটনা এই যে, এর সূত্রপাত বাংলারই ব্যারাকপুর ও বহরমপুরে।

এই পর্যায়ের শেষ সংগ্রামের শুরু অ'গষ্ট, ১৮৯৫-এ। আর শেষ, জানুয়ারী ১৯০০ খৃষ্টাব্দে। এর নাম মুণ্ডা আন্দোলন—যার অবিসংবাদিত নেতা হলেন বীরসা। জমিতে তাদের দীর্ঘকালের প্রথাসঙ্গত অধিকারের ওপর অবিরত আক্রমণ প্রতিহত করতে মুণ্ডারা একাট্টা হন। বস্তুত ছোটনাগপুর মালভূমির এ আন্দোলন ছিল ভূমিপুত্রদের আন্দোলন। এ বিষয়ে মহাশ্বেতা দেবীর উপন্যাস—অরণ্যের অধিকার।

অতএব বিগত দেড়শো বছরের আদিবাসী, উপজাতি, কৃষক, কারিগর, সৈনিক, ফকির, সন্ন্যাসী ও মুসলিম সমাজের স্বাধীনতা স্পৃহার সমগ্র সঞ্চয় ও প্রাণশক্তির ঐতিহ্য নিয়ে ১৯০০ এর শুভাগমন কিন্তু ইতিহাসের নিয়ন্ত্রণভার তখন চলে গেছে ভারতীয় শিক্ষিত সম্প্রদায়ের হাতে—যাঁদের যাত্রা শুরু হয়েছিল ১৮০০-তে প্রতিষ্ঠিত ফোর্ট উইলিয়ম কলেজের শ্রেণীকক্ষ থেকে। ইংরেজী শিক্ষাব্যবস্থার মাধ্যমে ব্যক্তিস্বাতন্ত্রবোধে যাঁরা দীপিত হয়েছিলেন, নব-জাগৃতির নবচেতনায় যাঁরা গড়ে তুলেছেন নবীন প্রতিষ্ঠান-জাতীয় কংগ্রেস (১৮৮৫), ১৯০০ সন তখন তাঁদের এবং অবশ্যই ইংরেজদের। কিন্তু সে আলোচনা এখানে নয়; পরবর্তীতে।

—আবদুর রাকিব

## অশ্লীল ছবি প্রদর্শনের বিরুদ্ধে আন্দোলন

জঙ্গিপুর : গত ক'দিন ধরে স্থানীয় সীমা সিনেমা হলে 'এ' মার্কা হিন্দি ছবি 'খুলি খিড়কি' চলছিল। এই অশ্লীল ছবিটি প্রদর্শনের বিরুদ্ধে সি পি এমের ছাত্র সংগঠন এস এফ ব্যাপক আন্দোলন গড়ে তোলায় ছবিটির প্রদর্শন বন্ধ করতে কর্তৃপক্ষ বাধ্য হন।

## পৌর উন্নয়ন কমিটির গণডেপুটেশন

ধুলিয়ান : সম্প্রতি বিদ্যুৎ সরবরাহ বিভাগের স্থানীয় অফিসে এস, এস এর কাছে গণ-ডেপুটেশন দেন স্থানীয় পৌর উন্নয়ন কমিটি। তাঁদের অভিযোগ ধুলিয়ানের ব্যাপক অঞ্চলে হুকিং করে বিদ্যুৎ সংযোগ চালু হওয়ায় শহরে বিদ্যুৎ ঘাটতি বাড়ছে এবং কনজিউ-মাররা ক্ষতিগ্রস্ত হচ্ছেন। কমিটি এস এস এর কাছে ৬ দফা লিখিত অভিযোগ দায়ের করেন। দাবীগুলির মধ্যে প্রধান হলো—রাত্রি ৮টার পর ধান ও তেল মিলগুলি বন্ধ রাখতে হবে। দু'খানি নতুন ট্রান্সফরমা বসাতে হবে। মিটার দেখা ও বিল তৈরীর ব্যাপারে নজর দিতে হবে। দাবীপত্র পেশ করেন কমিটির পক্ষে ফ: ব্লকের ইউসুফ হোসেন, কংগ্রেসের হাসান আলী, বিজেপির ষষ্ঠী ঘোষ ও পৌরপিতা তরুণ সেন।

## সারা ভারত ফঃ ব্লকের থানা সম্মেলন

সাগরদীঘি : গত ১৫ ও ১৬ ডিসেম্বর স্থানীয় ফঃ ব্লকের সম্মেলন হরহরি হাই স্কুলে অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন আনোয়ার সেখ। পতাকা উত্তোলন করেন মর্তুজ হোসেন। নেতাজীর প্রতি-কৃতিতে মাল্যদান করেন আজিজুর রহমান। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জয়নাল আবেদিন। সভায় বক্তব্য রাখেন ইউসুফ হোসেন, সুজিৎ মুন্সী, বিকাশ মৈত্র ও ইন্দ্রজিত মণ্ডল প্রমুখ নেতৃবৃন্দ। আগামী বৎসরের জন্য একটি কমিটি গড়া হয় আনোয়ার হোসেনকে সভাপতি, নবকুমার সরকার সহ-সভাপতি, আজিজুর রহমানকে সম্পাদক করে।

## যুব কল্যাণ সমিতির চক্ষু অপারেশন শিবির

ধুলিয়ান : বাসুদেবপুর যুব কল্যাণ সমিতির পরিচালনায় চাচণ্ডা বাসুদেবপুর জালাদিপুর হাই স্কুলে গত ২২ থেকে ২৭ ডিসেম্বর চক্ষু অপারেশন শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে সমিতির সম্পাদক আলাউদ্দিন সেখ উপস্থিত থেকে গ্রামের মানুষের অকুণ্ঠ সহ-যোগিতার প্রশংসা করেন। বিধায়ক তোহাব আলিও শিবিরের সেবা কাজে অংশগ্রহণ করেন। প্রায় ১২৫ জন পুরুষ ও মহিলার চক্ষু পরীক্ষা ও অস্ত্রোপচার করা হয়। অস্ত্রোপচার করেন বিখ্যাত চক্ষু চিকিৎসক লায়ন ডাঃ পিনাকী-রঞ্জন রায়। রোগীদের আহার বাসস্থান ও ওষুধের ব্যবস্থা করেন যুব কল্যাণ সমিতি।


**ব্যানার্জী বেষ্ট ব্রয়লার**

বিবাহ ও বিভিন্ন ভোজন-উৎসবে মাংসের জন্য উৎকৃষ্ট মানের ব্রয়লার সাপ্লাই করা হয়।

যোগাযোগ করুন
রঘুনাথগঞ্জ ফুলতলা
নিরালা হোটেলের পাশে।


**Murshidabad Zilla Parishad**

Berhampore

# NOTICE

The results of the Lottery held on 23rd December, 1990 for distribution of Market Complex rooms at Panchanantala, Berhampore are given below as per Serial Nos. of the Application Forms :

Category 'A'—2936, 0827, 2464, 0509, 3455

Category 'B'—3217, 3198, 1404, 0165, 0274, 1464, 0694, 1159

Category 'C'—1796, 0359, 2352, 2253, 1632, 0964, 1621, 2161, 2901, 1149, 0330, 2999

**District Engineer**
**Murshidabad Zilla Parishad**

Memo No. 750 (5)-E Dated 24-12-90

## ১ কোটি ২০ লক্ষ টাকা পাচ্ছে

(১ম পাতার পর)

খাটা পায়খানা বন্ধ করে স্যানিটারী পায়খানা প্রস্তুত করতে হবে। বাকী ৯২ লক্ষ টাকা দিয়ে এমন পরিকল্পনা নিতে হবে যাতে শহরকে আধুনিক করে গড়ে তোলার সাথে সাথে পৌরসভার আর্থিক আয়ও বাড়াতে সাহায্য করবে। আমাদের প্রতিনিধি পরিদর্শক টিমের প্রধানের প্রশ্নের উত্তরে জানান জঙ্গিপুর অঞ্চলের নাম পৌরাণিক কল্প কাহিনীর সঙ্গে জড়িত আছে। তাছাড়াও ঐতিহাসিক ঘটনা বিশ্লেষণ করলে জানা যায় মোঘল সম্রাটদের আমলে এই শহরের পত্তন হয় সৈন্যদলের ছাউনী রাখার প্রয়োজনে। তাই এই শহরের নাম হয় 'জঙ্গিপুর'। নবাব আলীবর্দীর সঙ্গে সরফরাজ খাঁয়ের যুদ্ধের সময় এই শহরে সৈন্য ছাউনী ছিল এবং শেষ যুদ্ধও এখানেই হয়। বৃটিশ আমলের প্রথম দিকে এখানে 'জঙ্গিপুর কোর্ট' স্থাপিত হয়। তারপর হুসেন শাহ বাদশাহের সময়ে এই অঞ্চলেই একআনী চাঁদপাড়ায় হুসেন শাহের বাদশাহী 'টাকশাল' ছিল বলে শোনা যায়। তাই প্রাচীনত্বের দিক দিয়ে এ শহর রীতিমত পুরোনো। শিল্পের দিক দিয়ে প্রাচীনকালে এতদ-অঞ্চলে চশম, রেশম, পশম শিল্পের প্রসার ছিল। যার রেশ আজও রয়েছে। পুরপতি মৃগাঙ্ক ভট্টাচার্য্য আমাদের প্রতিনিধিকে বলেন— এখানে চাকুরীজীবী মহিলাদের বসবাসের খুবই অসুবিধা। তিনি তাই ঐ যোজনার অর্থে সুপার মার্কেটে একটি মহিলা আবাস নির্মাণ করতে চান। সেখানে মাসিক ভাড়া দিয়ে চাকরীজীবী মহিলারা থাকতে পারবেন এবং পৌরসভারও আয় বাড়বে। এছাড়া সর্বসাধারণের জন্য একটি আবাসিক হোটেলও করার পরিকল্পনা তাঁরা নিয়েছেন। পৌরসভার আর একটি পরিকল্পনা রয়েছে বড় একটি মার্কেট কমপ্লেক্স নির্মাণের। আমাদের প্রতিনিধি মৃগাঙ্কবাবুর সঙ্গে কথাবার্ত্তার মধ্যে নাগরিকদের পক্ষ থেকে বাস-টার্মিনাসের দাবী জানান। এই মহকুমায় ৩৪ নম্বর জাতীয় সড়কের দৌলতে বিভিন্ন দিকের বাস সার্ভিস চালু রয়েছে। কিন্তু বাস ষ্ট্যাণ্ডের অভাবে যাত্রীদের খুবই অসুবিধা হয়। সেই অসুবিধা দূর করতে একটি আধুনিক বাস-টার্মিনাসের জন্য পৌরসভার সচেষ্ট হওয়া উচিৎ। নির্বাচিত পুর প্রশাসকরা যদি রাজনীতির উর্দ্ধে থেকে সাধারণ নাগরিকদের দুঃখ দুর্দশা লাঘবের চেষ্টা করেন তবে ১ কোটি ২০ লক্ষ টাকা ব্যয়ে এই শহরকে আধুনিক করা মোটেই অসম্ভব হবে না বলে পুরবাসীরা মনে করেন।

## পাচার বন্ধ

(১ম পাতার পর)

পালাতে সক্ষম হয়। বি এস এফের গুলিতে একজন পাচারকারীর পায়ে আঘাত লাগলেও তাকে ধরা সম্ভব হয়নি। খবর লালবাগ বি এস এফ ক্যাম্পের কমাণ্ডার এই অঞ্চলে ব্যাপক চোরাচালান বন্ধ করতে নিজেই নাকি এখানে আসেন। কৃষ্ণনগর থেকেও চোরাচালান বন্ধে কড়া নির্দেশ আসে বলে জানা যায়। এই পরিপ্রেক্ষিতে জঙ্গিপুরের সব কটি চোরা ঘাট বর্তমানে বন্ধ রয়েছে বলে খবর। আরো জানা যায় গত ২৯ ডিসেম্বর বাংলাদেশ থেকে চার নৌকা বিদেশী কাপড় আসার সময় মাঝ দরিয়ায় বিপদ সংকেত পেয়ে বাংলাদেশে ফিরে যায়। এপারেও প্রচুর চিনির বস্তা বিভিন্ন গোপন গুদামে আটকা পড়ে আছে। পুলিশ বা বি এস এফ একটু সক্রিয় হলেই মিঠিপুর, সেকেন্দ্রা, সম্মতিনগর প্রভৃতি বিভিন্ন জায়গা থেকে অনায়াসে ওগুলি উদ্ধার করতে পারে বলে ঐ অঞ্চলের মানুষেরা মনে করেন।

## পরলোকে প্রবীণ চিকিৎসক

রঘুনাথগঞ্জ : গত ১ জানুয়ারী সকালে এখানকার প্রবীণ চিকিৎসক শম্ভুনাথ সরকার ৭০ বছর বয়সে হৃদরোগে আক্রান্ত হয়ে স্থানীয় হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তিনি বৃদ্ধা মাতা ছাড়াও স্ত্রী চার পুত্র ও এক কন্যা রেখে যান। তিনি বিভিন্ন জনহিতকর প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত ছিলেন ও একজন জনপ্রিয় ডাক্তার ছিলেন। আমরা তাঁর আত্মার শান্তি কামনা করছি।


যৌতুকে VIP
সকল অনুষ্ঠানে VIP
ভ্রমণের সাথী VIP
এর জুড়ি কি আর আছে !
সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের
VIP সেন্টারে
এজেন্ট
প্রভাত ষ্টোর (দুলুর দোকান)
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এ্যাণ্ড কোং
লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী

Centre for Career Development Courses
এখানে সুযোগ রয়েছে ঃ—
১। কমপিউটার ট্রেনিং ২। স্পোকেন ইংলিশ
৩। ব্যাঙ্কিং ও রেল ইত্যাদি পরীক্ষার প্রস্তুতি এবং
৪। কমার্স শিক্ষার।
নতুন বছরের ভর্তি চলছে। যোগাযোগ করুন ঃ
এস. এন. চ্যাটার্জী বি. পি. চ্যাটার্জী
পাকুড়তলা
পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )

কিস্তিতে পাওয়া যায়
বাস, লরী, ম্যাটাডোর, জীপ, প্রাইভেট কার ইত্যাদি। এছাড়া সাইকেল, ফ্যান, টিভি, সোফাকাম বেড, ষ্টিল আলমারী, খাট, ড্রেসিং টেবিল প্রভৃতি দৈনিক কিস্তির মাধ্যমে পাওয়া যায়।
সত্বর নীচের ঠিকানায় যোগাযোগ করুন ঃ
দিলসন্‌স্ মিউচুয়ালাইজার
গভঃ রেজি নং L/44399
শ্মশানঘাট রোড, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ৭৪২২২৫
বিঃ দ্রঃ—কমিশন এজেন্ট চাই


রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।